

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
বাজেট শাখা-০৪
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২৬.০০৮৬.২০.১৯২

বিষয়: সহকারী কমিশনার (ভূমি), বেগমগঞ্জ, নোয়াখালী এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিক-আপ গাড়ির ০২ (দুই) সেট টিউবসহ টায়ার এবং অন্যান্য যন্ত্রাংশ সংযোজন/পরিবর্তনের জন্য বরাদ্দ ছাড়ের প্রশাসনিক অনুমোদন প্রদান।

সূত্র: ১। জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী এর স্মারক নং- ০৫.৪২.৭৫০০.০০০.০২২.২৬.০০০২.২১-১৯৩, তারিখ: ১৬-০৪-২০২৫ খ্রি।
২। উপজেলা ভূমি অফিস, বেগমগঞ্জ, নোয়াখালী এর স্মারক নং- ৩১.৪৬.৩৬২৬.০০০.৪২.০০৪.২৫-১৩৫, তারিখ: ০২-০৩-২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে সহকারী কমিশনার (ভূমি), বেগমগঞ্জ, নোয়াখালী এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিকআপ (গাড়ি নং নোয়াখালী-ঠ-১১-০০৪৩) গাড়ির ০২ (দুই) সেট টিউবসহ টায়ার এবং যন্ত্রাংশ (ব্রেক প্যাড, ব্রেক সু ও ব্যাটারি) সংযোজন/পরিবর্তনের ব্যয় বাবদ ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

উল্লেখ্য, চলতি অর্থবছরে গাড়িটির বাৎসরিক রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ “৩২৫৮১০১- মোটরযান” কোডে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। গাড়িটি ২০-০৯-২০১৮ তারিখে ভূমি মন্ত্রণালয় হতে সরবরাহ করা হয়। আইবাস রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় যে, গত ২০২০-২১ অর্থবছরে ১,০৫,০০০/- টাকা, ২০২১-২২ অর্থবছরে ৭০,০০০/- টাকা এবং ২০২৩-২৪ অর্থবছরে ১,০০,০০০/- টাকা (০২ (দুই) সেট টিউবসহ টায়ার সংযোজন এবং যন্ত্রাংশ পরিবর্তন বাবদ) বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়া অবশিষ্ট অর্থবছরসমূহে বাৎসরিক রক্ষণাবেক্ষণ ব্যয় নির্বাহের নিমিত্ত বরাদ্দ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রাপ্ত প্রস্তাব মোতাবেক সহকারী কমিশনার (ভূমি), বেগমগঞ্জ, নোয়াখালী এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিকআপ গাড়ির ০২ (দুই) সেট টিউবসহ টায়ার এবং অন্যান্য যন্ত্রাংশ সংযোজন/পরিবর্তনের ব্যয় বাবদ বর্তমানে চাহিত ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা এবং বাৎসরিক রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ চলতি অর্থবছরে ইতোমধ্যে বরাদ্দকৃত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, সর্বমোট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বরাদ্দের প্রশাসনিক অনুমোদন প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১০ (দশ) ফর্দ।

সকল সংযুক্তিসমূহ:

(১) ১০ (দশ) ফর্দ

০৩-০৬-২০২৫

সাবরিনা সুলতানা

সহকারী ভূমি সংস্কার কমিশনার

০২৪১০১০৪৫৫

alrc4@lrb.gov.bd

সিনিয়র সচিব

ভূমি মন্ত্রণালয়।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

সিনিয়র সহকারী সচিব, মাঠ প্রশাসন-২, ভূমি মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২৬.০০৮৬.২০.১৯২/১ (৬)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ২। উপ-ভূমি সংস্কার কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী।
- ৫। সহকারী কমিশনার (ভূমি), বেগমগঞ্জ, নোয়াখালী।
- ৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, ভূমি সংস্কার বোর্ড।



০৩-০৬-২০২৫

সাবরিনা সুলতানা

সহকারী ভূমি সংস্কার কমিশনার